

নীচে দেওয়া বচনাংশগুলি মন দিয়ে পড়ে এবং তারপর সঠিক দেওয়া অংশগুলির উত্তর দাও :

১

এক বণিক ব্যাবসা করে অনেক টাকা পেত, কিন্তু সে সব টাকা খরচ করে ফেলত। অসময়ের জন্য কিছুই জমিয়ে রাখত না। এক বর্ষায় ভীষণ ঝড়-বৃষ্টি হওয়াতে তার বাড়ি পড়ে গেল। সে তাড়াতাড়ি লোক ডেকে এনে বাড়ি মেরামত করিয়ে নিল। তখনকার সময় সব বাড়ি মাটির হত। বর্ষাকাল, মাটির কাজ ভালো করে শুকাল না। বণিকের হাতে বেশি টাকা ছিল না। তাই ভালো-কাজ-জানা মিস্ত্রি দিয়ে সে বাড়ি মেরামত করাতে পারেনি।

এক সিঁধেল চোর রাতেইর বেলা এসে দেয়াল কাটল। যখন সিঁধ দিয়ে ঢুকতে যাবে, কাঁচা দেয়াল তার ঘাড়ে পড়ে গেল। চোর মাটি চাপা পড়ে গেল। দেয়াল পড়ার শব্দে ও চোরের চৈতানিতে শুষু বাড়ির লোক কেন, পাড়ার সব লোকই-হই করে বেরিয়ে এল। চানটানি করে যখন চোরটাকে বার করা গেল, তখন সে তো গেছে মরে।

চোরের মাসতুতো ভাই সোজা গিয়ে রাজামশাইয়ের কাছে নালিশ করল, ‘ওই দুই বেনে ইচ্ছে করে এমন খসড়া

বাড়ি তৈরি করেছে যে, আমার ভাই সিঁধ দিয়ে ঢুকতে গিয়ে মাটি চাপা পড়ে মারা গেছে। ধর্মাবতার, বিচার চাই।
ওই বেনের ফাঁসির হুকুম দিন।

(রাজার বিচার/লীলা মজুমদার)

প্রশ্নমালা :

১. বণিকের স্বভাব কেমন ছিল?
২. বণিকের বাড়ি মেরামত করাতে হল কেন?
৩. বণিক তার বাড়ি ভালোভাবে মেরামত করাতে পারল না কেন?
৪. সিঁধেল চোর কাকে বলে?
৫. বণিকের বাড়ি চুরি করতে গিয়ে সিঁধেল চোরের কী অবস্থা হল?
৬. চোরের মাসতুতো ভাই বণিকের নামে রাজার কাছে কী নালিশ করল?
৭. নালিশটি কী সঠিক বলে তুমি মনে কর?